

কমলনগর উপজেলার জুলাই/১৩ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মোহাম্মদ আব্দুল আওয়াল
উপজেলা নির্বাহী অফিসার
কমলনগর, লক্ষ্মীপুর

সভায় উপস্থিত সদস্যদের তালিকা, পরিশিষ্ট 'ক'।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কমলনগর, লক্ষ্মীপুর।

সভার তারিখ : ৩১/৭/২০১৩ খ্রিঃ, রোজ : বুধবার, সময় : সকাল ১০.৩০ ঘটিকা।

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং বিগত সভার কার্যবিবরণী পড়ে শুনানো হয়। কার্যবিবরণীতে কোরুপন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়।

সভাপতি বলেন, গত ০১.৭.২০১৩ তারিখ ৯ নং তোরাবগঞ্জ ইউপি চেয়ারম্যান জনাব মহি উদ্দিন আহমেদ সেলিম এবং ১২.৭.২০১৩ তারিখ ৪ নং চর মার্টিন ইউপি চেয়ারম্যান জনাব মোঃ খোরশেদ আলম মৃত্যুবরণ করেছেন। দুটি ইউনিয়নের চেয়ারম্যানদ্বয় মৃত্যুতে তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়াসহ শোক প্রস্তাব গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান।

সিদ্ধান্ত : ৪ নং চর মার্টিন ও ৯ নং তোরাবগঞ্জ ইউপি চেয়ারম্যানদ্বয়ের মৃত্যুতে তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও শোক প্রস্তাব গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১। জুন/১৩ মাসের অপরাধ সম্পর্কিত তথ্য বিবরণী নিম্নরূপ :

(ক) জুন/১৩ মাসের অপরাধ চিত্র :

সন	ডাকাতি	রাহাজানি	অপহরণ	খুন	দাঙ্গা	নারী ও শিশু নির্যাতন	অস্ত্র আইন	অন্যান্য	মোট
২০১৩	--	--	--	--	--	--	--	০২	০২

(খ) জুন/১৩ মাসের মামলা সম্পর্কিত বিবরণী :

গতমাস হতে আগত মামলার সংখ্যা	বিবেচ্যমাসে প্রাপ্ত মামলা	মোট মামলার সংখ্যা	বিবেচ্যমাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	৬০ দিনের নীচে	৬০ দিনের উর্ধ্বে	১ বছরের উর্ধ্বে	মোট পেভিং
২৭	০২	২৯	১২	০৮	০৮	০১	১৭

(গ) জুন/১৩ মাসের গ্রেপ্তারী পরোয়ানা তামিল : জি.আর

গতমাস হতে আগত গ্রেপ্তারী পরোয়ানা সংখ্যা	চলতি মাসে প্রাপ্ত গ্রেপ্তারী পরোয়ানা সংখ্যা	মোট গ্রেপ্তারী পরোয়ানা সংখ্যা	জারীকৃত গ্রেপ্তারী পরোয়ানা সংখ্যা	অন্যান্যভাবে নিষ্পত্তিকৃত গ্রেপ্তারী পরোয়ানা সংখ্যা	মোট নিষ্পত্তিকৃত গ্রেপ্তারী পরোয়ানা সংখ্যা	পেভিং গ্রেপ্তারী পরোয়ানা সংখ্যা
১৪৫	৬৮	২১৩	৫৫	১৬	৭১	১৪২
সি. আর						
২০৪	৬৫	২৬৯	৫৭	১৩	৭০	১৯৯

(ঘ) হুলিয়া ও ফোকী পরোয়ানা তামিল : জি.আর

গতমাস হতে আগত ফোকী পরোয়ানা সংখ্যা	চলতি মাসে প্রাপ্ত হুলিয়া ও ফোকী পরোয়ানা সংখ্যা	মোট ফোকী পরোয়ানা সংখ্যা	জারীকৃত হুলিয়া ও ফোকী পরোয়ানা সংখ্যা	অন্যান্যভাবে নিষ্পত্তিকৃত হুলিয়া ও ফোকী পরোয়ানার সংখ্যা	মোট নিষ্পত্তিকৃত হুলিয়া ও ফোকী পরোয়ানা সংখ্যা	পেভিং হুলিয়া ও ফোকী পরোয়ানা সংখ্যা
--	০৫	০৫	০৫	--	০৫	--
সি. আর						
--	০৩	০৩	০৩	--	০৩	--

(ঙ) ৫৪ ধারা মোতাবেক গ্রেপ্তারকৃত মামলা সম্পর্কিত :

গতমাস হতে আগত মামলা	চলতিমাসে দায়েরকৃত মামলা	মোট মামলার সংখ্যা	বিভিন্নভাবে নিষ্পত্তিকৃত মামলা				পেভিং মামলা
			দগবিঃ	সাজা প্রাপ্ত	খালাস প্রাপ্ত	নিয়মিত মামলা	
--	০২	০২	--	--	--	০১	০১

২। আইন-শৃঙ্খলা সংক্রান্ত আলোচনা :

(ক) অফিসার ইন চার্জ (তদন্ত), কমলনগর থানা বলেন, কমলনগর উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি অন্যান্য সময়ের চেয়ে অনেক ভাল। চলতি মাসে কমলনগর উপজেলার কেখাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। সভাপতি ও সংশ্লিষ্ট সকলের সহযোগীতায় কমলনগর উপজেলার বিভিন্ন জায়গায় যথারীতি অভিযান অব্যাহত আছে। মদ, জুয়াখেলা, মাদকদ্রব্য ও গাঁজার, কার্যক্রম বিষয়ে তিনি তৎপর রয়েছেন। তাছাড়া উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে রাতিকালীন টহল এবং এলাকায় দফাদার ও মহল্লাদারদের কার্যক্রম অব্যাহত আছে। তাছাড়া আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে আন্দের যাবতীয় কার্যক্রম অব্যাহত আছে। তিনি আরো বলেন, মেঘনার তীব্র ভাঙ্গন ও প্রবল জোয়ারের কারণে